R. N. No 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

**আপনার জমি চাষ কি সমস্যা?**
একই জমি থেকে একাধিকবার ফসল তুলতে খরা ও বর্ষায় সু-নিশ্চিত চাষের জন্য ট্রাকটর দিয়ে চাষ করুন। এতে পয়সা ও সময় দুয়েরই সাশ্রয় হবে।
ট্রাকটর, পাম্পসেট ভাড়া ও বিভিন্ন সারের জন্য যোগাযোগ করুন। আপনাদের সেবায় নিয়োজিত।
**অজয় এগ্রো সার্ভিস সেণ্টার**
মির্জাপুর, পোঃ গনকর (মুর্শিদাবাদ)

৬২শ বর্ষ
২৪শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২রা অগ্রহায়ণ, বুধবার, ১৩৮২ সাল।
১৯শে নভেম্বর, ১৯৭৫ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৬৲, সডাক ৭৲

## বিশেষ সম্পাদকীয় ঃ

### উর্বর মস্তিষ্কের বিকৃতি

অতঃপর পশ্চিম বাঙলার পাঠ্যক্রমে বাঙলা ভাষা ঐচ্ছিক ভাষা হিসেবে রূপান্তরিত হইতে চলিয়াছে। তাহাই লইয়া আমাদের এই বিশেষ সম্পাদকীয় নিবন্ধের অবতারণা। পশ্চিমবঙ্গের উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের কর্তৃপক্ষ মহলে যে সমস্ত মহাজ্ঞানী মানুষ রহিয়াছেন তাঁহারা অকস্মাৎ অত্যধিক প্রাদেশিকতার মোহ কাটাইয়া উঠিবার নেশায় স্বদেশেই মাতৃভাষাকে বলি দিবার ফরমান জারি করিয়া উর্বর মস্তিষ্কের বিকৃতির স্বরূপ প্রকাশ করিয়াছেন। এই সমস্ত মহাজ্ঞানীরা সম্ভবতঃ ইতিহাসের অতীতের পৃষ্ঠাগুলি ভুলিয়া বসিয়া আছেন অথবা ছেঁড়া তমসুকের শক্তিকে গ্রাহ্য করিবার প্রয়োজন বোধ করিতেছেন না। বাঙালীর ভাষা ও সংস্কৃতি-প্রীতি যে কত প্রবল, আদি কাল হইতে বাঙালীর ইতিহাস পর্যালোচনা করিলে তাহার প্রমাণ বহুবার মিলিবে। মুসলিম শাসকরাও সেইজন্য বাঙলা ভাষাকে মানিয়া লইয়া তাহারই উন্নতির সাবিক চেষ্টা করিয়াছিলেন। তৎকালীন পাকিস্তানী নেতৃবৃন্দ ক্ষমতার দম্ভে মোহগ্রস্ত হইয়া মুষ্টিমেয় তথাকথিত বাঙালীর যোগসাজসে পূর্ব বাঙলায় বাঙলা ভাষাকে কোণঠাসা করিবার চেষ্টা করিবামাত্র আগুন জ্বলিয়া উঠিয়াছিল। কাতারে কাতারে তরুণ বাঙালী বীর আগাইয়া আসিয়া-

(৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## বাড়ী চড়াও-এর দায়ে সরকারী কর্মচারী ও যুব-ছাত্রনেতা অভিযুক্ত এক মাসের মধ্যে হাজিরার সমন

রঘুনাথগঞ্জ, ১৫ নভেমবর—গত ৯ নভেমবর জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক পত্নী অনিমা সিংহ, জঙ্গিপুর মহকুমা হাসপাতালের ষ্টোর কীপার তাপস ভট্টাচার্য, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের গাড়ী চালক অজিত (অভিযোগে পদবী নাই), জেলা ছাত্রপরিষদের আহ্বায়ক চিত্ত মুখার্জি, যুব কংগ্রেসের টাউন কমিটির সম্পাদক বামাপদ দাস, ছাত্রকর্মী ও দৈনিক বসুমতীর সংবাদদাতা বিমান হাজরা প্রয়াত ডাঃ কিশোরীমোহন সিংহ মহাশয়ের বাড়ী চড়াও-এর অভিযোগে অভিযুক্ত হয়েছেন। বাদী অরবিন্দ সিংহ রায় ১১ নভেমবর তাঁদের বিরুদ্ধে জঙ্গিপুর আদালতে বাড়ী চড়াও হয়ে মারধোরের অভিযোগে ৪৪৮ ও ১৪৭ ধারামতে একটি মামলা রুজু করেছেন। আসামীদের এক মাসের মধ্যে আদালতে হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে বলেও খবর পাওয়া গিয়েছে।

## দিল্লী-লক্ষ্ণৌ-কলকাতা-রঘুনাথগঞ্জ বিজলী তারের আন্তঃরাজ্য চোরাকারবার, তল্লাসীতে গ্রেপ্তার—১১

রঘুনাথগঞ্জ, ১৫ নভেমবর—গোপনসূত্রের খবরের ভিত্তিতে স্থানীয় পুলিশ ৮ নভেমবর রাত্রে জাতীয় সড়কের উমরপুরে এমন একটি ট্রাককে আটক করে যার ফলে আন্তঃরাজ্য বিজলী তার চোরাকারবারের চাঞ্চল্যকর অনেক তথ্য ফাঁস হয়ে যায়। জানা যায়, রঘুনাথগঞ্জ থানা এলাকা তথা জঙ্গিপুর মহকুমার একদল চোরাকারবারী দিল্লী, লক্ষ্ণৌ, কলকাতা প্রভৃতি বড় বড় শহরের সঙ্গে বিজলী তারের ঢালাও চোরাকারবারে লিপ্ত হয়ে পড়েছে।

সেই রাত্রে এই থানার বড় দারোগা শ্রীকেশ মণ্ডল ও ছোট দারোগা সুবেদার হাকিম এ এস জেড ৪৩০২ নম্বরযুক্ত যে ট্রাকটি আটক করেন, তার ভেতর থেকে চামড়া দিয়ে ঢাকা অবস্থায় ৫ বস্তা গলানো ও এক রিল বিজলী তার এবং গাড়ীর বহু ভাঙ্গা যন্ত্রপাতি উদ্ধার করা হয়। ট্রাক চালক ও ক্লীনারকে গ্রেপ্তারের পর ধুলিয়ানের একটি ভাঙড়ির দোকান ও একটি বাড়ীতে হানা দিয়ে রঘুনাথগঞ্জ পুলিশ ৩ বস্তা বিজলী তার উদ্ধার ও ৪ জনকে আটক করে নিয়ে আসে। একই সূত্র ধরে জঙ্গিপুর থেকে একজনকে ও ১১ নভেমবর কলকাতার বড়বাজারে কলকাতা পুলিশের সাহায্য নিয়ে একটি দোকানে তল্লাসি চালিয়ে ৪২ কেজি বিজলী তারসহ ৩ জনকে গ্রেপ্তার করা হয়। ফলে এখন পর্যন্ত গ্রেপ্তারের সংখ্যা ও উদ্ধার করা তারের পরিমাণ দাঁড়িয়েছে ১১ জন ও ৮ কুইন্টাল।

## প্রাথমিক শেষ পরীক্ষার তারিখ পরিবর্তন

বিশেষ প্রতিনিধি, ১৮ নভেমবর—পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকর্তার নির্দেশক্রমে মুর্শিদাবাদ জেলার ১৯৭৫ সালের প্রাথমিক শেষ পরীক্ষা পূর্ব নির্দিষ্ট ২৫, ২৬ ও ২৭ নভেমবরের পরিবর্তে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

২৭ নভেমবর—বাংলা (সকাল সাড়ে দশটা থেকে বেলা একটা), ইতিহাস (বৈকাল দুটো থেকে সাড়ে তিনটা), ২৮ নভেমবর—ইংরাজী (সকাল সাড়ে দশটা থেকে দুপুর বারটা), ভূগোল ও প্রকৃতি বিজ্ঞান (বৈকাল দুটো থেকে সাড়ে তিনটা), ২৯ নভেমবর—অঙ্ক (সকাল সাড়ে দশটা থেকে)।

**প্যানেল তৈরী হচ্ছে ঃ** অপর এক সংবাদে প্রকাশ, মুর্শিদাবাদ জেলা স্কুল বোরডে প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য প্যানেল তৈরীর কাজ খুব শিগ্‌গির শুরু হচ্ছে। প্রার্থীদের ৩০ ডিসেমবর, ১৯৭৫ তারিখের মধ্যে নির্দিষ্ট ফরমে স্কুল বোরড বরাবরে আবেদন করতে হবে।

## জেলার পাঁচটি স্কুলে ওয়ার্ক সেণ্টার

নিজস্ব সংবাদদাতা : শিক্ষকদের কর্মশিক্ষার শিক্ষণ গ্রহণের জন্য আমাদের জেলার চারটি মহকুমার পাঁচটি স্কুল বেছে নেওয়া হয়েছে বলে নির্ভরযোগ্যসূত্রে খবর পাওয়া গিয়েছে। এর মধ্যে দু'টি হবে জঙ্গিপুর মহকুমায়।

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

ফোন—অরঙ্গাবাদ—৩২
**মৃণালিনী বিড়ি ম্যানুফ্যাকচারিং কোং (প্রাঃ) লিঃ**
হেড অফিস—অরঙ্গাবাদ (মুর্শিদাবাদ)
রেজিঃ অফিস—২/এ, রামজী দাস জেঠীয়া লেন, কলিকাতা-৭

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২রা অগ্রহায়ণ বুধবার, সন ১৩৮২ সাল।

## প্রশ্নের প্রশ্ন

নয়া দশসালা শিক্ষাক্রমের বিভিন্ন বিষয়ের নমুনা প্রশ্ন পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ কিছুদিন আগে মুখপত্র 'পর্ষদ বার্তা'য় প্রকাশ করিয়াছেন। আগেকার রচনাত্মক ধাঁচের প্রশ্নের অপসারণ ঘটাইয়া বিষয়মুখী বা অব্‌জেকটিভ প্রশ্নাদি সে স্থান অধিকার করিয়াছে। ইহার উদ্দেশ্য: এই সব নমুনা প্রশ্নের আলোকে বিদ্যালয়ে পঠন-পাঠন চালু হউক; অপরদিকে শিক্ষার্থীর মুখস্থবিদ্যা নয়, তাহার শিক্ষাগত যোগ্যতার প্রকৃত যাচাই হউক।

বর্তমান শিক্ষাবর্ষ যখন প্রান্তসীমায় আসিয়া পড়িয়াছে, তখন পর্ষদ-প্রকাশিত নমুনা প্রশ্নগুলি শিক্ষার্থী ও শিক্ষকদের কতখানি গাইডলাইন হইবে সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। পর্ষদ এই ব্যাপারে অত্যধিক বিলম্ব করিয়াছেন যাহা নিশ্চয়ই সমালোচনার অবকাশ রাখে।

কোন কোন বিষয়ে রচিত নমুনা-প্রশ্ন রীতিমত বিভ্রান্তি ও হতাশা আনিয়া দেয়। ইংরাজীর (দ্বিতীয় ভাষা) প্রশ্ন দেখিয়া মনে হয়, এই রাজ্যের গ্রাম-বাংলা ও মহানগরীর ছাত্রদের ইংরাজী শিক্ষার মান খুবই উচ্চস্তরের। তাহা না হইলে যে প্রশ্নের উত্তর করিতে পরিণত বুদ্ধির ব্যক্তিকে যথেষ্ট ভাবিতে হইবে, তাহা কিশোরদের জন্য বরাদ্দ হইল কেন? বিদ্যালয়গুলিতে এই সব প্রশ্নের ধাঁচে পড়ান হয় নাই; হঠাৎ এইরূপ প্রশ্ন দেখিয়া ছাত্রেরা যে আঁতকাইয়া উঠিবে, তাহা স্বাভাবিক। একই দুর্ভাবনা বহন করিতেছে অঙ্ক বিষয়ের প্রশ্ন যাহার উত্তর দিতে অঙ্কের শিক্ষককে বেগ পাইতে হইতেছে, পরীক্ষার্থিনাং কা কথা। ভূগোলের প্রশ্নে বকুলতলার সম্বন্ধে জানিতে চাওয়া হইয়াছে। নূতন শিক্ষাক্রমের যে ভূগোল বই ছাত্রেরা বর্তমানে পড়িতেছে, তাহাতে বকুলতলার কোন উল্লেখ আছে কি? না থাকিলে এমন কাণ্ডজ্ঞানহীনতার পরিচয় দেওয়ার উদ্দেশ্য কি? ইহা কি ছাত্রের মেধা পরীক্ষার উপযোগী প্রশ্ন না, প্রশ্নকর্তার সুস্থবুদ্ধির অভাবের পরিচয়? মহানগরীর বুকে উচ্চতলের কোন সুরম্য কক্ষে বসিয়া কল্পনায় অবগাহন করা এক কথা, আর গ্রাম-বাংলার দারিদ্র্যদুঃখ জর্জরিত দেহমনে অপুষ্ট শিক্ষার্থীর মানসিকতার বাস্তবচিত্র আর এক কথা। এইরূপ নমুনা প্রশ্নকে আদর্শ হিসাবে রাখিয়া বিভিন্ন সংস্থাগত প্রি-টেষ্ট পরীক্ষার প্রশ্নাদি রচনা করিয়া প্রগতিশীলতার পরিচয় দিয়াছেন।

হালফিল খবরে জানা যায়, পর্ষদ আপন ত্রুটি সংশোধন করিতে নাকি মিশ্র প্রশ্নপত্র রচনা করিতে মনস্থ করিয়াছেন যাহাতে পূর্বের মত রচনাত্মক এবং বর্তমানের অব্‌জেকটিভ ও ছোট ছোট প্রশ্নাদি থাকিবে। আবার পরীক্ষা পাসেরও কিছু সুবিধা দেওয়ার সিদ্ধান্ত লওয়া হইয়াছে। অতএব পরীক্ষার্থী মাভৈঃ! শিক্ষার গুণগত উৎকর্ষ যাক আর থাক, পরীক্ষায় ত পাস!

## শরৎ জন্ম শতবার্ষিকী উৎসব

জঙ্গিপুর, ১৮ নভেম্বর—নির্ধারিত কর্মসূচী অনুযায়ী সারা বাঙলা শরৎ জন্ম-শতবার্ষিকী কমিটির জঙ্গিপুর মহকুমা শাখা স্থানীয় টাউন ক্লাবে পাঁচদিন ব্যাপী শরৎ জন্ম-শতবার্ষিকী উৎসব পালন করছেন। এই উপলক্ষে ১৪ নভেম্বর আবৃত্তি ও প্রবন্ধ পাঠ প্রতিযোগিতা, ১৫ নভেম্বর বিতর্ক ও সঙ্গীত প্রতিযোগিতা, ১৬ নভেম্বর সেমিনার ও মহিলা সাংস্কৃতিক সংঘ কর্তৃক 'বিন্দুর ছেলে' নাট্যাভিনয় এবং ১৭ নভেম্বর সেমিনার ও জঙ্গিপুর টাউন ক্লাব কর্তৃক 'শেষ বিচার' নাট্যানুষ্ঠান শেষ হয়েছে। মূল অনুষ্ঠানটি হবে ২২ নভেম্বর, সন্ধ্যা ছ'টায়। প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকবেন 'আমি সুভাষ বলছি' খ্যাত শৈলেশ দে। আগামীকাল ধুলিয়ান কমিটির উদ্‌যোগে আয়োজিত ধুলিয়ানে এই উৎসবে যোগ দেবেন সাহিত্যিক দেবেশ রায় (বেদুইন)।

## ফরাক্কায় আরও ছাঁটাই

নিজস্ব সংবাদদাতা, ১৫ নভেম্বর—গত সপ্তাহে ফরাক্কায় বাঁধ প্রকল্পে মাষ্টার রোলে কর্মরত আরও ২৩০ জন কর্মীকে ছাঁটাই করা হয়েছে বলে খবর পাওয়া গিয়েছে।

## শরৎচন্দ্র শরচ্চন্দ্র ও জন্মবর্ষ

—আমরা আপনার জন্মদিন পালন করতে চাই।

—আমরা জন্ম হ'তে দীন। দীর্ঘ দিন আর হ্রস্ব দিন। বাঘের নাম ক'রে শেয়ালে মড়া খাবে। আমার নাম ক'রে হয়তো হাজার পাঁচেক টাকা উঠবে। তার থেকে আমাকে একটা মটকার ধুতি আর রেকাবি দিয়ে কাগজে কাগজে ঢাক বাজাবে। ওসবে কাজ নেই।

একবার সাহিত্যিক জগদানন্দ বাজপেয়ী এবং ঐতিহাসিক ডঃ কালিদাস নাগ তোমাদের শরচ্চন্দ্র পণ্ডিত ওরফে দা'ঠাকুরকে মহাজাতি সদনে জন্মদিন উদ্‌যাপনের প্রস্তাব করায় দা'ঠাকুর এভাবে সেই প্রস্তাব প্রত্যাখ্যান করেছিলেন। তাঁর ছোট ছেলে অমলকুমার পণ্ডিত মশাইয়ের কাছে তো এ গল্প শুনেছ। তিনি সাচ্চা লোক ছিলেন ব'লেই জন্মদিনের ঝামেলায় যাননি। বেঁচে থাকলে হয়তো আমিও আমার জন্মশতবার্ষিকী নিয়ে এত হৈ চৈ করতে তোমাদের দিতাম না।

আজ তোমরা আমাকে নিয়ে লাফাচ্ছো। আমার নামে সভা-সমিতি করছ। কর, ভাল কথা। তবে তোমাদের কাছে বিশেষ করে সাংবাদিক, তোমার মত যুবাদের কাছে আমার কিছু বলার আছে। আমার সমাজ-দর্শনকে তোমরা তোমাদের সমাজ-জীবনে কতটুকু প্রয়োগ করতে পেরেছ? সমাজের সেবা না ক'রে কেবলই সমাজ সমাজ রব তুলছ। ভালোভাবে লক্ষ্য করলে দেখতে পাবে, দরজিপাড়ার নতুন দা'রা এখন সব পাড়াতেই কাতারে কাতারে জন্ম নিচ্ছে। এদের কাজই হ'লো পাড়া-বেপাড়ায়, মাঠে-ময়দানে, সভা-সমিতিতে কথামালা ছড়ানো, সুড়সুড়ি দেওয়া, কাজের সময় পিছিয়ে আসা, অন্য কেউ ভালো কাজ করলে তা পণ্ড করা। পরে বিপদে পড়লে ইন্দ্রনাথদের দ্বারস্থ হওয়া।

নারী মুক্তি আন্দোলনের কথা বলছ? সত্যিই কি তোমরা নারীদের নিয়ে চিন্তা কর? হয়তো কর, তবে প্রকৃত মুক্তির সময় এগিয়ে যাও না—এই যা ফারাক! লালসার ভোগ-বিলাস ছাড়া, অভাব ও দুর্বলতার সুযোগে অন্ধকার গলিতে নিয়ে যাওয়া ছাড়া, লেখালেখির ব্যাপারে দাবিয়ে রাখা ছাড়া তোমরা ওদের জন্য তেমন কিছু কর না। মনে রেখ, সত্যিকারের নারী মুক্তি আন্দোলনের সার্থকতা সেদিন আসবে যেদিন তোমরা সমাজের একেবারে নীচু স্তর থেকে এই অভিযান শুরু করবে। একবার তুমি গ্রাম দেশের বারবণিতাদের সম্পর্ক লেখার জন্য কিছু তথ্য সংগ্রহ করতে গিয়ে একজনের কাছে কেমন চাবুক মারা জবাব পেয়েছিলে, মনে নেই? লেখো ও তোমার প্রশ্নের উত্তরে কি বলছিল?

—তোমরা এ পথে না এসে খেটে খেতে পার না?

—কে দেবে আমাদের কাজ? আপনি দেবেন?

সান্ত্বনা দিতে পারনি। কথার চাবুকে ঘায়েল হয়ে ফিরে এসেছিলে। আসলে কথায় কথায় আন্তর্জাতিক নারীবর্ষ ও

—সত্যনারায়ণ ভকত

নারী মুক্তি আন্দোলনের মত ধুয়া তুলতে তোমাদের জুড়ি মেলা ভার! সুদে-আসলে তোমরা প্রত্যেকে এক একটা টেপ রেকরডার। যেভাবে বাজানো হচ্ছে সেভাবে বাজছো। নিজেদের সত্তা হারিয়ে ফেলে মানসিক অস্থিরতায় ভুগে ভুগে ম্যানড্রেক্স, বীয়ার, রাম ইত্যাদির নেশায় মশগুল হয়েছ।

বলতে পারো, নেশা আমিও করতাম। স্বীকার করছি। ১৯২১ সালে তোমাদের জঙ্গিপুরের মুনসেফ বসন্তকুমার পালের বাসায় বেড়াতে এসে কি বিপদেই না পড়েছিলাম। উদ্ধার করেছিলেন আমার থেকে পাঁচ বছরের বয়োঃকনিষ্ঠ বিদূষক দা'ঠাকুর। এই পণ্ডিত প্রেসেই এসে আমি বলেছিলাম:

—শরৎ আছো কি?

—হ্যাঁ দাদা, আসুন। সবাই বলে সরত এসত কেউ বলে না দাদা।

—বসন্তবাবু আরদালী পাঠাননি?

—R-দালী কি S-দালী জানি না। একটা লোক এসেছিল, তখন আমি ছিলাম না।

—কোথায় গিয়েছিলে?

—পেটের দায়ে বেরিয়েছিলাম। Pet মানে প্রিয়, এর চেয়ে প্রিয় জিনিস দুনিয়ায় নাই দাদা।

—সমস্যার সমাধান কর, আমি যে ম'লাম!

সেবার রঘুনাথগঞ্জে থাকার সময়

রঘুনাথগঞ্জ বালিকা বিদ্যালয়ের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির আসন গ্রহণ করে আমাকে পারিতোষিক বিতরণ করতে হয়েছিল: সভা-সমিতি এখন একটা রেওয়াজে দাঁড়িয়েছে। মনীষীদের স্মরণে নানা সভা হয়, যদিও তাতে নিয়ম-শৃঙ্খলা বড় একটা চোখে পড়ে না। মসকোর রেড স্কোয়ারে যে কোন রবিবার গিয়ে দেখতে পারো কিভাবে রাশিয়ানরা বিনম্র সুশৃঙ্খল শ্রদ্ধা জানায় কাচের কফিনে শায়িত লেনিনের মৃতদেহের উদ্দেশে। অবশ্য ওরা যে একেবারে নির্ভেজাল তা নয়। তা না হ'লে গুলাগ আরচি পেলাগোর লেখক সলঝেনিৎসিনকে দেশ থেকে বহিষ্কারের আদেশ নির্বিবাদে মেনে নেয় কি করে? বইটা পড়ন নিশ্চয়? পড়বে কি, তোমরা নিজের দেশের লেখকদের বই-ই পড়তে চাও না। তোমার মত অনেকেই আমার লেখা সব বই এখনও পড়েনি। আমার জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে ঘটা করে 'শরৎ সাহিত্য সংগ্রহ' প্রকাশ করা হয়েছে যার দাম সংখ্যাগরিষ্ঠের নাগালের বাইরে। অতএব পড়ার সুযোগও কম। সরকারের উচিত ছিল ভরতুকি দিয়ে অল্প দামে বইটি সাধারণ পাঠকদের হাতে পৌছে দিতে সাহায্য করা।

শুধু পড়তে সাহায্য করলেই বা কি হবে? তোমরা এখন কিছু লেখকের মদতে অশ্লীল সাহিত্যে, কিছু বোম্বেটের পাল্লায় পড়ে অশ্লীল সিনেমায় আকৃষ্ট হয়েছ। তোমাদের সমাজে আমাদের আমলের চেয়েও বেশী করে ঘূণ ধরেছে। আশার কথ এই যে, বিন্দুর ছেলে দেখে তোমরা এখনও চোখের জল সামলাতে পার না। আমি কিন্তু তোমাদের কাঁদার জন্য সাহিত্য সৃষ্টি করে যাইনি। করেছিলাম মোছার জন্য, চেয়েছিলাম সমাজ সংস্কার। তাই আমি যেখানে পৌছে থেমে গেছি, সেখান থেকেই তোমাদের শুরু করতে হবে। সমাজের নিপীড়িতদের চোখের জল মোছাবার দায়িত্ব তোমাদের নিতে হবে।

এ সময় কিছু ভালো লেখকের প্রয়োজন রয়েছে। আমার পর ম্যাকসিম গোরকী ও সেক অফ নামে দু'জন বিখ্যাত বিদেশী ছোট গল্প লেখক ছাড়া স্বদেশ-বিদেশে উল্লেখযোগ্য কোন নাম তোমাদের চোখে পড়ছে না। এখন তোমাদের অনেক কাজ। আমার জন্ম শতবার্ষিকীর মত চোখ ধোলাইয়ের ব্যাপার নিয়ে মেতে থাকলে চলবে না। 'From untruth lead us to truth' মন্ত্রে দীক্ষিত হ'য়ে এবার তোমাদের শ্লোগান হোক, After Saratchandra who?

## উর্বর মস্তিষ্কের বিকৃতি

( ১ম পৃষ্ঠার পর )

ছিলেন মাতৃভাষার সম্মান রক্ষার্থে। ১৯৫২ সালের ঐতিহাসিক একুশে ফেব্রুয়ারী ভাষা আন্দোলনে ঢাকায় আবু বরকতের মত একাধিক তরুণ শহীদ হইয়াছিলেন। ইহার পরই পাকিস্তানের ভিতে ফাটল ধরিয়াছিল। যাহার ফলশ্রুতি দেখা গিয়াছে পরবর্তীকালে পাকিস্তানের দ্বিধা-বিভক্তি ও 'বাঙলাদেশ' প্রতিষ্ঠার মধ্যে। ইহা ভুলিবার নহে। আজ পশ্চিম বাঙলার এই সমস্ত স্বয়ম্ভু নিরোরাও যদি অবৈজ্ঞানিক এই বিকৃতি লইয়া মাতিয়া উঠেন, আমাদের দেশের ঐক্য, সংহতি ও প্রগতির মূলে যদি কুঠারাঘাত করিয়া বসেন তাহা হইলে আমাদের সরকার কি চুপ করিয়া থাকিতে পারেন? আমরা জানি তাহা হইতে পারে না। বহু পরীক্ষিত সরকারী নেতৃবৃন্দ নিশ্চয়ই বিপদের গুরুত্ব অনুধাবন করিয়া এই সর্বনাশা পরিকল্পনার পরিসমাপ্তি ঘটাইয়া আসন্ন ঝড়-ঝঞ্ঝার হাত হইতে দেশ ও জাতিকে রক্ষা করিবেন। ঢাকার পুনরাবৃত্তি যাহাতে না ঘটে এবং দেশের অখণ্ডতা যাহাতে বজায় থাকে সেই দিকে নজর রাখিয়া সরকারকে কঠোরভাবে এই উর্ব্বর মস্তিষ্কের বিকৃতি রোধে এখনই আগাইয়া আসা উচিত।

## কালীতে জখম

জঙ্গিপুর, ১৫ নভেম্বর—লুথারান ওয়ারল্ড সারভিসের এগার হাতের কালী প্রতিমা বিসর্জনের দিন প্রতিমার বাহনের ধাক্কায় সমীর সিংহ রায় নামে এক যুবক জখম হলে তাকে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তি করতে হয়। কালী পূজোর দিন এই সংস্থা সাংস্কৃতিক অনুষ্ঠান ও নরনারায়ণ সেবার আয়োজন করে।

## তরুণের আত্মহত্যা

রঘুনাথগঞ্জ, ১৫ নভেম্বর—শহরের ফাঁসিতলা পল্লীতে ৮ নভেম্বর তরুণ মুখারজি (২৫) নামে জনৈক তরুণ বাড়ীর আমড়াগাছে উদ্বন্ধনে আত্মহত্যা করে। কারণ অপ্রকাশিত।

## শিশু দিবস

মির্জাপুর, ১৪ নভেম্বর—আজ মির্জাপুরে শিবরাম স্মৃতি পাঠাগার ও ক্লাব আয়োজিত শিশু দিবসে ১৩ বৎসর বয়স পর্য্যন্ত ৬২ জন ছেলেমেয়ে 'যা খুসি আঁকো' চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে। গত বছরের বিজয়ীদের আজ পুরস্কৃত করা হয়।

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে বহরমপুর সদর ভূমি সংস্কার সার্কেল অফিসের অধীন ২১নং ব্লকের তহশীলদার শ্রীগৌরকৃষ্ণ হালদারের হেফাজত হইতে গত ৩০।৯।৭৫ তারিখে নম্বর-৪৯০৩১১/১ হইতে ৪৯০৩১১/১২ ব্যবহৃত ও নম্বর ৪৯০৩১১/১৩ হইতে ৪৯০৩১১/২৫ অব্যবহৃত [আসল ও মুড়ি খণ্ড] একখানি ডি, সি, আর বহি খোওয়া গিয়াছে। উক্ত খোওয়া যাওয়া বহির অব্যবহৃত পাতার ব্যবহার সম্বন্ধে জনসাধারণকে সতর্ক করা যাইতেছে এবং আরও জানান যাইতেছে যে উক্ত পাতা সমূহের দ্বারা কোনরূপ সরকারী টাকা আদায় দেওয়া গ্রাহ্য হইবে না।

স্বাঃ| টি, কে, বসু ২৮।১০।৭৫
অতিরিক্ত জেলা সমাহর্তা
[ভূমি সংস্কার] মুর্শিদাবাদ

[জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর থেকে প্রেরিত।]

## আবাসিক স্কুলে ছাত্র চাই

শ্রীরামকৃষ্ণ বিবেকানন্দ সেবাশ্রমের আবাসিক বিবেকানন্দ বিদ্যামন্দিরে ২য় শ্রেণী হইতে ৭ম শ্রেণী পর্যন্ত ছাত্র ভর্ত্তি চলিতেছে। মাসিক ব্যয় ৮৫৲। নিয়মাবলী ১৲। দরখাস্তের শেষ তারিখ ২০।১২।৭৫।

স্বামী শঙ্করাত্মানন্দ, সম্পাদক
পোড়পাঠ, পোঃ পাঁচগ্রাম
মুর্শিদাবাদ

## শিক্ষক আবশ্যক

একজন শিক্ষণপ্রাপ্ত স্নাতক শিক্ষক ডেপুটেশন ভ্যাকানসির জন্য চাই। ৭ দিনের মধ্যে সেক্রেটারীকে দরখাস্ত করুন।

তিলডাঙ্গা হাই স্কুল
পোঃ—তিলডাঙ্গা
মুর্শিদাবাদ

## শিক্ষক-ছাত্রের প্রতিরোধে ওয়াগন ব্রেকাররা ব্যর্থ

সাগরদীঘি, ১৩ নভেম্বর—গত পরশু এই থানার বোখারা গ্রামের সামনে আজিমগঞ্জ—নলহাটী শাখা লাইনে একটি মালগাড়ী যখন যাচ্ছিল তখন একদল ওয়াগন ব্রেকার কয়লা ভর্তি একটি ওয়াগন লুঠ করার চেষ্টা করে। বোখারা স্কুলের প্রধান শিক্ষক সহকারী শিক্ষক ও ছাত্রদের নিয়ে প্রতিরোধে এগিয়ে গিয়ে চ্যালেঞ্জ জানালে দুর্বৃত্তরা চম্পট দেয় এবং গাড়ীটি নির্বিঘ্নে সাগরদীঘি রওনা হয়। ওয়াগনটিতে আজিমগঞ্জ লোকোর জন্য কয়লা যাচ্ছিল বলে খবর।

## টিউবেকটমি শিবির উদ্বোধন

রাজ্য স্বাস্থ্যমন্ত্রী অজিত পাঁজা ৬ নভেম্বর জিয়াগঞ্জ খ্রীষ্টীয় সেবাসদনে বিশেষ টিউবেকটমি শিবিরটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এই শিবির খোলা হয়েছে পয়লা নভেম্বর থেকে, চলবে ১৯৭৬ সালের ৩১ মারচ পর্যন্ত। সংবাদ সদর মহকুমা তথ্য ও জনসংযোগ আধিকারিক সূত্রের।

সকল প্রকার
ঔষধের জন্য
নির্ণয় ও নিরাময়
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ
ফোন নং : আর, জি, জি ১৯

খেতে ভাল ফোন—২৩
★মুক্তা বিড়ি ★ নুরুল বিড়ি
★রেখা বিড়ি
ময়না বিড়ি ওয়ার্কস্
ধুলিয়ান, মুর্শিদাবাদ
ট্রানজিট গোডাউন
ডালকোলা (ফোন—৩৫)

বিড়ির সেরা
অমর স্পেশ্যাল বিড়ি, মন্দির মার্কা বিড়ি
মুর্শিদাবাদ
বিড়ি ফ্যাক্টরী
ধুলিয়ান : মুর্শিদাবাদ

# একই জমির দুই বিক্রী কবলায় ধানী গণ্ডগোল বাড়ছে

সাগরদীঘি, ১৫ নভেমবর—১৯৪৫ সালের বেঙ্গল টেনানসি এ্যাকট্ অনুসারে ডিসট্রিকট্ ট্রাইবুনাল ওয়েলফেয়ার অফিসের অনুমতি না নিয়ে সাঁওতাল সর্দারদের জমি হস্তান্তরের আদেশ অমান্য এবং একই জমির দুবার বিক্রী কবলা করায় এই থানার গ্রামাঞ্চলে ধানী মরশুমে মাঠ থেকে ব্যাপক হারে ধান চুরি, জোর ক'রে ধান কেটে নেওয়া ও জমি নিয়ে গণ্ডগোলের ঘটনা বাড়ছে। এবং এই সমস্যা এই থানায় যত বেশী, অন্য কোথাও তত বেশী নয় বলে সাগরদীঘি পুলিশ মনে করছেন।

পুলিশের নজরে ব্যাপারটি প্রথম আসে ১৯৭৪ সালে। তা'র আগে পর্যন্ত গণ্ডগোল মেটাতে থানার সাহায্য চাওয়া হ'ত না বলে জানাজানি হয়নি। অসদুদ্দেশে এক শ্রেণীর লোক একই জমি দু'জন ভিন্ন মানুষকে বিক্রী করছে। ফলে একই জমির দু'বার দু'টি ভিন্ন বিক্রী কবলা হচ্ছে। পরে সেই জমির প্রকৃত মালিক কে হবেন তাই নিয়ে সমস্যা বাড়ছে। এক্ষেত্রে অধিকার দেখে তদন্ত করার পর প্রকৃত মালিকের ফসল রক্ষার ব্যবস্থা করবেন বলে পুলিশ কর্তৃপক্ষ স্থির করেছেন। তাঁদের মতে, সমস্যার স্থায়ী সমাধানের জন্য দুই পক্ষের অধিকার স্থগিত রেখে দায়িত্বশীল কোন লোকের হাতে সেই অধিকার সাময়িকভাবে হস্তান্তর করলে তদন্তের কাজ সহজ হবে।

**স্কুলে ওয়ার্ক সেণ্টার** ( ১ম পৃষ্ঠার শেষাংশ )

সম্ভাব্য স্কুলগুলি হ'ল: কান্দী রাজ স্কুল, বহরমপুরে কৃষ্ণনাথ কলেজিয়েট স্কুল, লালবাগের যে কোন একটি স্কুল, জঙ্গিপুর ও সাগরদীঘি উচ্চ মাধ্যমিক স্কুল। প্রতিটি কেন্দ্রে আশেপাশের কয়েকটি স্কুলের কেবলমাত্র বাছাই করা শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হবে।

Government of West Bengal
Office Of The District Magistrate, Murshidabad.
M. V. Department.

## NOTICE

In pursuance of section 47 of the M. V. Act 1939 it is notified for the information of all concerned that this authority desires to grant permanent route permits for the stage carriage ( Mini-Bus ) to be provided against the routes as follows :—

| | | |
|---|---|---|
| 1. | Berhampore to Farakka via—N. H. 34 | 3 ( three permits ) with one trip each way daily. |
| 2. | Berhampore to Raghunathganj via—Sagardighi | 2 ( two ) permits each with 2 round trip. |
| 3. | Berhampore to Patikabari | 2 ( two ) permits each with 2 round trips. |
| 4. | Berhampore to Kandi | 2 ( two ) permits each with 3 round trips. |

The list of these routes will be kept displayed on the Notice Board of the R. T. A., Murshidabad for inspection from 29. 10. 75.

Representation/Objection in connection with the above routes will be received by the undersigned up to 29. 11. 75.

The above representation/objection, if any, received, will be considered by the R. T. A., Murshidabad in its meeting to be held after 29. 11. 75.

The actual date and time of the meeting will be notified in due course.

Secretary, R. T. A., Murshidabad.


Issued by the Dist. Information & Public Relations Officer
Murshidabad

### ঘোষণা

এতদ্দারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে পিতৃস্মৃতি রক্ষার্থে শ্রীবিনয়কুমার চট্টোপাধ্যায় মহাশয় মির্জাপুর বালিকা বিদ্যালয়কে বিদ্যালয় গৃহসহ ·৬৯ শতক জমি দান করিয়াছেন। এই বদান্যতা ও উপকার কৃতজ্ঞতার সহিত স্বীকার করিয়া অত্র বিদ্যালয় ম্যানেজিং কমিটি বিদ্যালয়ের নাম পরিবর্তন করিয়া 'ডাঃ যতীন্দ্রনারায়ণ স্মৃতি বালিকা বিদ্যালয়" নামকরণের সিদ্ধান্ত ঘোষণা করিতেছেন।

বিনীত—
সম্পাদক, মির্জাপুর বালিকা বিদ্যালয়
পোঃ গনকর, জেলা মুর্শিদাবাদ

থিন এ্যারারুট ★ ডাইজেসটিভ ★ সবার জন্যই ব্রিটানিয়া
**বামাপদ চন্দ্র এ্যাণ্ড সনস্**
ব্রিটানিয়া বিস্কুট কোম্পানীর জঙ্গিপুর মহকুমার একমাত্র পরিবেশক।
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ
ফোন : ২৬




রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।